# পাশ্চাত্য দর্শনের ইতিহাসঃ ঈক্ষণবাদ

## লক্, বার্কলি ও হিউম

শ্রীচন্দ্রোদয় ভট্টাচার্য

পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ

# ভূমিকা

কয়েক বছর আগে, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ কর্তৃক প্রকাশিত আমার রচিত "পাশ্চাত্ত্য দর্শনের ইতিহাস, আধুনিক যুগ—যুক্তিবাদ[1] (দেকাৎ, স্পিনোজা ও লাইবনিজ)"—নামক পুস্তকটি প্রকাশিত হয়েছে। বর্তমানে "ঈক্ষণবাদ[2]—লক্, বার্কলি ও হিউম"—নামক আমার রচিত পুস্তকটিও উক্ত পুস্তক পর্ষদ্ প্রকাশ করতে প্রস্তুত হয়েছে; তার জন্যে আমি পুস্তক পর্ষদের কর্তৃপক্ষদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এই বইটি প্রধানতঃ ফালকেন বার্গ প্রণীত "হিস্টরি অব্ মডার্ণ ফিলসফি" গ্রন্থের সাহায্যে লিখিত হয়েছে। কিন্তু লক্ ও হিউমের দর্শনকে সম্প্রতিকালীন ইংরেজী ভাষী বৈশ্লেষণিক দার্শনিকেরা[3] কিছু নতুন দৃষ্টিতে বিচার ও সমালোচনা করেছেন। এই সম্প্রতিকালীন চিন্তকদের মতে, লক্ ও (বিশেষতঃ) হিউম এমন অনেক কথা বলেছেন, যেগুলোর দ্বারা বৈশ্লেষণিক চিন্তকরা নানাভাবে প্রভাবিত হয়েছেন। এইজন্য, লক্ ও হিউমের দর্শন সম্বন্ধে এই সম্প্রতিকালীন চিন্তকদের মতামত আমার প্রণীত বর্তমান পুস্তকে কিছু পুনরুক্তি হওয়া সত্ত্বেও সংক্ষিপ্ত আকারে দেওয়ার চেষ্টা করেছি।

এই পুস্তকের পাণ্ডুলিপি তৈরী করার পরিশ্রমের কাজটি (আমার জ্যেষ্ঠভ্রাতা ৺রমেশচন্দ্র ভট্টাচার্য মহাশয়ের কন্যা) স্নেহভাজন শ্রীমতী গৌরী ব্রহ্মচারী সম্পন্ন করেছে। তারজন্য আমি তার প্রতি বিশেষভাবে কৃতজ্ঞ। বৈশ্লেষণিক সূচীপত্র, ইংরেজী-বাঙলা শব্দকোষ, বাঙলা-ইংরেজী শব্দকোষ এবং নির্ঘণ্ট তৈরী করার কাজে আমি আমার পুরাতন ছাত্রী শ্রীমতী অমিতা মিত্র, এম. এ., বি. এড্-এর কাছ থেকে বিশেষ সাহায্য পেয়েছি। এরজন্য আমি তার কাছে ঋণী।

চন্দ্রোদয় ভট্টাচার্য

---

1. Rationalism.
2. Empiricism.
3. Analytical philosophers.